

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

বিষয় : মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালন।

১৮ ফেব্রুয়ারি ২০২৪

প্রশিকা কেন্দ্রীয় কার্যালয় ও উন্নয়ন এলাকার সকল পর্যায়ের কর্মী ভাইবোনদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ ফেব্রুয়ারি, ৮ই ফাল্গুন মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের কর্মসূচি সরকার কর্তৃক গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে এমআরএসহ সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে প্রশিকাও মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করবে।

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের কর্মসূচি

ক্রমিক	কার্যক্রম / কর্মসূচি	তারিখ	বাস্তবায়নকারী
১.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রশিকার কেন্দ্রীয় অফিসসহ সকল উন্নয়ন এলাকা ও স্থাপনাসমূহে সঠিক নিয়মে, সঠিক রঙ ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে।	২১ ফেব্রুয়ারি '২৪	কেন্দ্রীয় অফিস ও সকল উন্নয়ন এলাকা
২.	কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ	২১ ফেব্রুয়ারি '২৪	কেন্দ্রীয় অফিস
	স্থানীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ	২১ ফেব্রুয়ারি '২৪	উন্নয়ন এলাকা অফিস
৩.	রাষ্ট্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ (স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে)	২১ ফেব্রুয়ারি '২৪	কেন্দ্রীয় অফিস ও সকল উন্নয়ন এলাকা
৪.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন (স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে)	২১ ফেব্রুয়ারি '২৪	কেন্দ্রীয় অফিস ও সকল উন্নয়ন এলাকা
৫.	ওয়েব সাইট, সোশ্যাল মিডিয়া, ইলেকট্রনিক ড্যাসবোর্ড শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা জ্ঞাপন	২১ ফেব্রুয়ারি '২৪	কেন্দ্রীয় অফিস ও সকল উন্নয়ন এলাকা

এমতাবস্থায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-এর কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য অনুরোধ করা হলো।

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

বিতরণ :

- নোটিশ বোর্ড, কেন্দ্রীয় কার্যালয়- সকলের অবগতির জন্য;
- প্রশিকার ওয়েব সাইট (নোটিশ)- প্রশিকার সকল উন্নয়ন এলাকার এলাকা ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক ও বিভাগীয় ব্যবস্থাপকদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।